# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ২০. ৭. তালুতের মহাপাপের শাস্তি: দাউদকে অভিষেক

বাইবেলে অধিকাংশ ক্ষেত্রে পাপের জন্য ঈশ্বর তার বংশধরদের শাস্তি দেওয়ার ঘোষণা দেন। আমরা ইতোপূর্বে অনেক নমুনা দেখেছি। দাউদের ব্যভিচার ও হত্যা, শলোমনের মূর্তিপূজা ও প্রতিমাপূজার ব্যাপক প্রচলন করা ইত্যাদি সকল ক্ষেত্রেই ঈশ্বর বংশধরদের শাস্তি দিচ্ছেন। কিন্তু তালুতের বিষয়টা ব্যতিক্রম। নির্বিচার গণহত্যায় সামান্য ত্রুটি করার কারণে ঈশ্বর তালুতকে তাঁর জীবদ্দশাতেই শাস্তি দিলেন এবং তাঁর বংশধরদেরকেও শাস্তি দিলেন। তালুতকে তার অপরাধের কারণে তাৎক্ষণিক তাঁকে ক্ষমতাচ্যুত করে দাউদকে অভিষেক করার নির্দেশ দিলেন ঈশ্বর: ‘‘পরে মাবুদ শামুয়েলকে বললেন, ‘আমি তালুতকে বনি-ইসরাইলদের বাদশাহ হিসাবে অগ্রাহ্য করেছি, কাজেই তুমি আর কতকাল তার জন্য দুঃখ করবে? এখন তুমি তোমার শিংগায় তেল ভরে নিয়ে বেরিয়ে পড়। আমি তোমাকে বেথেলহেম গ্রামের ইয়াসিরের কাছে পাঠাচ্ছি। আমি তার ছেলেদের মধ্য থেকে আমার নিজের উদ্দেশ্যে একজনকে বাদশাহ হবার জন্য বেছে রেখেছি।’’ (১ শামুয়েল ১৬/১) পাঠক ১ শামুয়েল ১৬ অধ্যায় পড়লে দাউদের অভিষেক বিষয়ে বিস্তারিত জানতে পারবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14581

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন